গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮–জুন ৩০, ২০১৯

# সূচিপত্র


উপক্রমণিকা........................................................................................................ ২

বস্ত্র অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ............................................................................. ৩

সেকশন ১: বস্ত্র অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions).................................. ৪

সেকশন ২: বস্ত্র অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ............ ৫

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ................ ৬

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)........................................................................... ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি..................................... ১৩

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা. ১৫

**উপক্রমণিকা (Preamble)**

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে

মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মধ্যে

২০১৮ সালের জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই  চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

## বস্ত্র অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of Directorate of Textiles)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বস্ত্র অধিদপ্তর বস্ত্র খাতে পোষক কর্তৃপক্ষের দায়িত্ব পালনসহ এ খাতের জন্য দক্ষ মানবসম্পদ তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ক্রমবর্ধমান রপ্তানির ধারাবাহিকতায় গত তিন বছরে বস্ত্রখাতে রপ্তানির পরিমাণ ছিল জাতীয় রপ্তানি আয়ের ২০১৫-১৬ অর্থবছরে ৮৪.৮৮%, ২০১৬-১৭ অর্থবছরে ৮৩.৩৮% এবং ২০১৭-১৮ অর্থবছরে ৮৪.০০%(সাময়িক)। বিগত ০৩(তিন) বছরে ০৬টি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপিত হয়েছে, বস্ত্র অধিদপ্তর নিয়ন্ত্রিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ থেকে ০৩(তিন) লেভেলের (বিএসসি, ডিপ্লোমা ও এসএসসি) মোট ৯৪৮৯ জন শিক্ষার্থী পাশ করেছে, বিগত ০৩(তিন) বছরে পোষকের কাজের ১৯৪৮১টি আবেদন নিষ্পত্তি হয়েছে; নিষ্পত্তির হার ৯৯.০১% , পোষকের কাজের অংশ হিসাবে বস্ত্র শিল্প কারখানায় ১৭৬৬ বার পরিদর্শন করা হয়েছে এবং বস্ত্র শিল্পের পোষক কর্তৃপক্ষের কাজের মাধ্যমে বিগত ০৩ (তিন) বছরে রেজিস্ট্রেশন ফি বাবদ মোট ২.৭৯ কোটি টাকা রাজস্ব আয় হয়েছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ :**

বস্ত্র অধিদপ্তরের প্রধান সমস্যা ও চ্যালেঞ্জসমূহ হচ্ছে- বস্ত্র আইন, ২০১৮ পাশের সাথে সাথে যথাযথ বাস্তবায়ন, কোয়ালিটি এডুকেশন নিশ্চিত করা, যথাসময়ে পোষকের সেবা প্রদান নিশ্চিত করা, অপ্রতুল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক স্বল্পতা, অবকাঠামো নির্মাণের জন্য গণপূর্ত ও স্থাপত্য অধিদপ্তরের উপর নির্ভরশীলতা, শিক্ষা প্রতিষ্ঠান ও পোষকের কাজের জন্য প্রয়োজনীয় জনবলের স্বল্পতা ; প্রকল্প প্রণয়নে দীর্ঘসূত্রিতা , Need Based Curriculum প্রণয়ন, অধিদপ্তরের জনবল ও অবকাঠামোর অপর্যাপ্ততা।

**ভবিষ্যত পরিকল্পনা :**

সরকারের ভিশন অনুযায়ী বস্ত্র আইনের আওতায় পোষক কর্তৃপক্ষের যাবতীয় সেবাসমূহ (নিবন্ধন, মেশিন ছাড়, এডহক আইআরসি, নিবন্ধন সংশোধন, এইচএস কোড সংযোজন ইত্যাদি) সিটিজেন চার্টারে বর্ণিত সময়সীমার মধ্যে সম্পন্ন করা, কারিগরি শিক্ষার হার বৃদ্ধি করা, বস্ত্র শিক্ষা প্রতিষ্ঠানে Need Based Curriculum প্রণয়ন করা, বাংলাদেশ সরকারি কর্মকমিশন ও বস্ত্র অধিদপ্তরের মাধ্যমে শূন্য পদে প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োগ করা , বস্ত্র খাতে দক্ষ জনবল সরবরাহের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, বস্ত্র শিল্পে বিদেশী প্রযুক্তিবিদ ও দক্ষ শ্রমিকের স্থানে দেশীয় দক্ষ জনবল তৈরি ও প্রতিস্থাপন করা, বস্ত্র খাতে যৌথ বিনিয়োগের মাধ্যমে এ খাতের অবদানকে আরো বৃদ্ধি করা, বস্ত্র আইন বাস্তবায়নের জন্য বিধি প্রণয়ন করা।

**২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ❖ পোষক কর্তৃপক্ষের সেবা প্রদানের লক্ষ্যে প্রাপ্ত আবেদনের ৯৯% নিষ্পত্তি করা;
- ❖ ৫৫০টি বস্ত্র শিল্প কারখানা পরিদর্শন করা;
- ❖ কারিগরি শিক্ষার মাধ্যমে বস্ত্র খাতে বিভিন্ন লেভেলের (বিএসসি, ডিপ্লোমা ও এসএসসি) ৩৫২৫ জন দক্ষ জনবল তৈরি করা;
- ❖ বস্ত্র খাতে ০৩(তিন) টি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের জন্য প্রকল্পের ডিপিপি প্রস্তাব একনেকে প্রেরণ করা;
- ❖ সেবা নিশ্চিতকরণার্থে স্টেকহোল্ডারদের সাথে আয়োজিত সভা।

সেকশন ১

বস্ত্র অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions)

## ১.১ রূপকল্প (Vision):

নিরাপদ, টেকসই, শক্তিশালী ও প্রতিযোগিতা সক্ষম বস্ত্র খাত।

## ১.২ অভিলক্ষ্য (Mission):

বস্ত্র কারিগরি শিক্ষার হার বৃদ্ধি এবং বস্ত্র শিল্পকে সহায়তার মাধ্যমে বস্ত্র খাতে অগ্রগতি সাধন।

## ১.৩ কৌশলগত উদ্দেশ্যেসমূহ (Strategic Objectives):

### ১.৩.১ বস্ত্র অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বস্ত্র শিল্পের উন্নয়নে সহযোগিতা জোরদারকরণ;
২. বস্ত্রখাতে মানব সম্পদ উন্নয়ন;
৩. বস্ত্র শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট প্রকল্প প্রণয়ন ত্বরান্বিত করা;
৪. সেবা নিশ্চিতকরণার্থে স্টেকহোল্ডারদের সাথে আয়োজিত সভা।

### ১.৩.২ বস্ত্র অধিদপ্তরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ;
২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;
৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন উন্নয়ন।

## ১.৪ কার্যাবলি (Functions):

(১) তৈরি পোশাক (আরএমজি), টেক্সটাইল শিল্প বিষয়ক কারখানাসমূহের জন্য নিবন্ধন প্রদান;

(২) বস্ত্র, বস্ত্র উৎপাদনকৃত মালামাল এর ব্যবসার পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ করা;

(৩) বস্ত্র উৎপাদনে আদর্শ ও গুণগত মান নিয়ন্ত্রণ, পর্যবেক্ষণ ও সনদ প্রদান করা;

(৪) দেশের প্রাইমারি টেক্সটাইল সংক্রান্ত বিষয়াদি ও তাদের কারিগরি মূল্যায়ন;

(৫) বস্ত্র শিল্প ও বস্ত্র পণ্যের ব্যাকওয়ার্ড ও ফরোয়ার্ড লিংকেজ শিল্প সংক্রান্ত বিষয়াদি;

(৬) বস্ত্র শিল্প এবং বস্ত্র শিল্পের প্রাইভেট সেক্টরকে উৎসাহ প্রদান করা;

(৭) বস্ত্র প্রযুক্তি শিক্ষা প্রদানের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন করা।

## সেকশন ২

### বস্ত্র অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব **(Outcome/ Impact)** | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র **(Source of Data)** |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| জাতীয় রপ্তানিতে সহায়তা বৃদ্ধি | মোট রপ্তানিতে বস্ত্র খাতের অংশ | % | ৮৩.৩৮ | ৮৪.০০ (সাময়িক) | ৮৪.২০ | ৮৪.৩০ | ৮৪.৪০ | বস্ত্র অধিদপ্তর/ বাণিজ্য মন্ত্রণালয়/পোশাক খাত সংশ্লিষ্ট সংগঠনসমূহ/ বাংলাদেশ ব্যাংক | রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক। |

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives): | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of performance Indicator) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **বস্ত্র অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| ১. বস্ত্র শিল্পের উন্নয়নে সহযোগিতা জোরদারকরণ | ৩৬.০০ | ১.১ পোষক কর্তৃপক্ষের নিকট প্রাপ্ত আবেদন সিটিজেন চার্টারে বর্ণিত সময়সীমার মধ্যে নিষ্পত্তি | ১.১.১ নিষ্পত্তিকৃত মেশিন ছাড়করণের সুপারিশ | (%) | ১২.০০ | - | - | ৯৯ | ৯৮ | ৯৭ | ৯৬ | ৯৫ | ৯৯ | ৯৯ |
| | | | ১.১.২ নিষ্পত্তিকৃত মেশিন ছাড় ব্যতিত অন্যান্য সেবার সুপারিশ | (%) | ১২.০০ | - | - | ৯৯ | ৯৮ | ৯৭ | ৯৬ | ৯৫ | ৯৯ | ৯৯ |
| | | ১.২ বস্ত্র শিল্প কারখানা পরিদর্শন | ১.২.১ পরিদর্শনকৃত বস্ত্র শিল্প কারখানা | সংখ্যা | ১২.০০ | ৬৪০ | ৫৭৭ | ৫৫০ | ৫০০ | ৪৫০ | ৪০০ | ৩৫০ | ৫৬০ | ৫৭০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives): | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of performance Indicator) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ২. বস্ত্রখাতে মানব সম্পদ উন্নয়ন | ৩১.০০ | ২.১ কারিগরি শিক্ষা (বস্ত্র প্রকৌশল/ প্রযুক্তি) ডিগ্রী প্রদান | ২.১.১ উত্তীর্ণ শিক্ষার্থী | সংখ্যা | ১৫.০০ | ৩২২৫ | ৩২৩০ | ৩৫২৫ | ৩৪৫৫ | ৩৩৮৫ | ৩৩১৫ | ৩২৫০ | ৩৫৯৫ | ৩৬৬৫ |
| | | ২.২ কলেজসমূহে কাঁচামাল সরবরাহ প্রদান | ২.২.১ কাচাঁমাল সরবরাহকৃত | টাকা (লক্ষ) | ০৮.০০ | - | - | ১৩.৫০ | ১৩.০০ | ১২.৫০ | ১২.০০ | ১১.৫০ | ২০ | ২৫ |
| | | | ২.২.২ ব্যবহৃত কাচাঁমাল | (%) | ০৮.০০ | - | - | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৯২ | ৯৪ |
| ৩. বস্ত্র শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট প্রকল্প প্রণয়ন ত্বরান্বিত করা | ০৬.০০ | ৩.১ নতুন ০৩(তিন) টি প্রকল্প একনেকে প্রেরণ | ৩.১.১ প্রণীত নারায়ণগঞ্জ টেক্সটাইল ইনস্টিটিউঢ়ট স্থাপন প্রকল্প | তারিখ | ০২.০০ | - | - | মার্চ, ২০১৯ | এপ্রিল, ২০১৯ | মে, ২০১৯ | জুন, ২০১৯ | - | - | - |
| | | | ৩.১.২ প্রণীত মাহবুবুল হক শাকিল টেক্সটাইল ইনস্টিটিউট স্থাপন প্রকল্প | তারিখ | ০২.০০ | - | - | এপ্রিল, ২০১৯ | মে, ২০১৯ | জুন, ২০১৯ | - | - | - | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives): | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of performance Indicator) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | | ৩.১.৩ প্রণীত কুষ্টিয়া টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন প্রকল্প | তারিখ | ০২. ০০ | - | - | মে, ২০১৯ | জুন, ২০১৯ | - | - | - | - | - |
| ৪. সেবা নিশ্চিতকরণার্থে স্টেকহোল্ডারদের সাথে আয়োজিত সভা | ০২.০০ | ৪.১ সভার আয়োজন | ৪.১.১ আয়োজিত সভা | সংখ্যা | ০২.০০ | - | - | ৪ | ৩ | ২ | ১ | - | ৫ | ৬ |

# বস্ত্র অধিদপ্তরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯
## (মোট নম্বর-২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)** | **কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)** | **কার্যক্রম (Activities)** | **কর্মসম্পাদন সুচক (Performance Indicator)** | **একক (Unit)** | **কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)** | **লক্ষ্যমাত্রার মান :-২০১৮-১৯** | | | | |
| | | | | | | অসাধারণ **(Excellent)** | অতি উত্তম **(Very Good)** | উত্তম **(Good)** | চলতি মান **(Fair)** | চলতিমানের নিম্নে **(Poor)** |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | ২০ জুন, ২০১৮ | ২১ জুন, ২০১৮ | ২৪ জুন, ২০১৮ | - | - |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মুল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল | মুল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২২ জানুয়ারি, ২০১৯ | ২৩ জানুয়ারি, ২০১৯ |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মুল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) মন্ত্রণালয়/বিভাগে | ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ৩১ জানুয়ারি, ২০১৯ | ০৪ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৯ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারিদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা * | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলিং নথি নিস্পত্তিকৃত ** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত *** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা | ন্যুনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১০ জানুয়ারি, ২০১৯ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ | ৩১ মার্চ, ২০১৯ | ৩০ এপ্রিল, ২০১৯ |
| | | দপ্তর/সংস্থা ও অদীনস্থ কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেজ ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | ডাটাবেজ অনুযায়ী ন্যুনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ০৮ এপ্রিল, ২০১৯ | ২২ এপ্রিল, ২০১৯ | ০২ মে, ২০১৯ | ১৬ মে, ২০১৯ | ৩০ মে, ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)** | **কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)** | **কার্যক্রম (Activities)** | **কর্মসম্পাদন সূচক (Performance Indicator)** | **একক (Unit)** | **কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)** | **লক্ষ্যমাত্রার মান :-২০১৮-১৯** | | | | |
| | | | | | | অসাধারণ **(Excellent)** | অতি উত্তম **(Very Good)** | উত্তম **(Good)** | চলতি মান **(Fair)** | চলতিমানের নিম্নে **(Poor)** |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারি করা | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির হালনাগাদকৃত তালিকাকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির হালনাগাদকৃত তালিকা | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত | তারিখ | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | সংখ্যা | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়ন সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | দপ্তর/সংস্থার ২০১৭-১৮অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টোবর, ২০১৮ | ৩১ অক্টোবর, ২০১৮ | ১৫ নভেম্বর, ২০১৮ | ২৯ নভেম্বর, ২০১৮ | ০৬ ডিসেম্বর, ২০১৮ |

আমি মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রতিনিধি সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়/বিভাগ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| মহাপরিচালক<br>বস্ত্র অধিদপ্তর | ২০/৫/২০২৫<br>তারিখ |
| সচিব<br>বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ২০/০৫/২০২৫<br>তারিখ |



১১

সংযোজনী ১:
শব্দসংক্ষেপ (Acronyms)

| | |
|---|---|
| বিজিএমইএ | বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন |
| বিকেএমইএ | বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন |
| বিটিএমএ | বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন |
| বিএসটিএমপিআইএ | বাংলাদেশ স্পেশালাইজড টেক্সটাইল মিলস এন্ড পাওয়ার লুম ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন |
| বিটিটিএলএমইএ | বাংলাদেশ টেরিটাওয়েল এন্ড লিনেন ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন |
| বিজিএপিএমইএ | বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন |
| বিএসটিএমইএ | বাংলাদেশ সুইং থ্রেড ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন |
| বিএলএমইএ | বাংলাদেশ লেভেল ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন |
| বিটিডিপিআইএ | বাংলাদেশ টেক্সটাইল ডায়িং এন্ড প্রিন্টিং ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন |
| বিকেডিওএ | বাংলাদেশ নীট ডায়িং ওনার্স এসোসিয়েশন |
| বিএইচএ | বাংলাদেশ হোসিয়ারী এসোসিয়েশন |
| বিইজিডব্লিউআইওএ | বাংলাদেশ এক্সপোর্ট ওরিয়েন্টেড গার্মেন্টস ওয়াশিং ইন্ডাস্ট্রিজ ওনার্স এসোসিয়েশন |
| বিটিএমওএ | বাংলাদেশ টেক্সটাইল মিলস ওনার্স এসোসিয়েশন |
| টিভিআই | টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট |
| বাকাশিবো | বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড |
| BUTEX | Bangladesh University of Textiles |
| ECNEC | Executive Committee of the National Economic Council |
| DPP | Development Project Proposal |
| EPB | Export Promotion Bureau |
| IRC | Import Registration Certificate |
| HS | Harmonized System. |

**সংযোজনী-২** : কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়নকালী, মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতির বিবরণ:

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | ১.১ পোষক কর্তৃপক্ষের নিকট প্রাপ্ত আবেদন সিটিজেন চার্টারে বর্ণিত সময়সীমার মধ্যে নিষ্পত্তি | ১.১.১ নিষ্পত্তিকৃত মেশিন ছাড়করণের সুপারিশ<br>১.১.২ নিষ্পত্তিকৃত মেশিন ছাড় ব্যতিত অন্যান্য সেবার সুপারিশ | বস্ত্র অধিদপ্তরে গত ২৬/০৫/২০১৩ তারিখ হতে বস্ত্র শিল্পের পোষক কর্তৃপক্ষের কাজ শুরু হয়েছে। বস্ত্র শিল্প খাতের উন্নয়ন ও সম্প্রসারণের লক্ষ্যে বস্ত্র অধিদপ্তর নতুন রেজিষ্ট্রেশন প্রদানসহ এডহক আইআরসি, মেশিন ছাড়করণ, আইআরসি নিয়মিতকরণ, রেজিষ্ট্রেশন সংশোধন, ইউপি ও আইপি, আইআরসি ও কারখানার ঠিকানা পরিবর্তন, মালিকানা পরিবর্তন, বিনিয়োগ পরিবর্তন, প্লট বরাদ্দ, ওয়ার্ক পারমিট/পিআই ভিসা, কম্পোজিট সার্টিফিকেট, এইচএসকোড সংযোজন, লিমিট বৃদ্ধি,বৈদেশিক ঋণের ইত্যাদি বিষয়ে সুপারিশ প্রদান করছে। বিভিন্ন বিষয়ে কারখানা কর্তৃপক্ষের আবেদনকৃত ও বস্ত্র অধিদপ্তরে প্রাপ্ত আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করা হচ্ছে। | পোষক কর্তৃপক্ষের কাজ সম্পাদনকারী শাখাসমূহ<br><br>বস্ত্র অধিদপ্তর | প্রতিমাসে নিষ্পত্তিকৃত আবেদন<br><br>বার্ষিক প্রতিবেদন বস্ত্র অধিদপ্তর | (SDG Goal-12 Target-12.4 |
| | ১.২ বস্ত্র শিল্প কারখানা পরিদর্শন | ১.২.১ পরিদর্শনকৃত বস্ত্র শিল্প কারখানা | বস্ত্র অধিদপ্তরে পোষকের সেবা গ্রহণের উদ্দেশ্যে আগত বস্ত্র শিল্প কারখানা কর্তৃপক্ষের আবেদনের বিষয় বিবেচনা করে কারখানা/শিল্প প্রতিষ্ঠানের বিল্ডিং ফিটনেস, ফায়ার সেফটি, পানি সরবরাহ, পয়:প্রণালী, পরিষ্কার-পরিচ্ছন্নতা ইত্যাদি বিষয়াদী সরেজমিনে পরিদর্শনপূর্বক সেবা প্রত্যাশীদের আবেদিত সেবাটি প্রদান করা হচ্ছে। | জনাব রাজু আহমেদ, ফোকাল পয়েন্ট, ওয়ান স্টপ সার্ভিস বস্ত্র অধিদপ্তর | পরিদর্শনের মাধ্যমে<br><br>বার্ষিক প্রতিবেদন বস্ত্র অধিদপ্তর | |
| ২. | ২.১ কারিগরি শিক্ষা (বস্ত্র প্রকৌশল/ প্রযুক্তি) ডিগ্রী প্রদান | ২.১.১ উত্তীর্ণ শিক্ষার্থী | বস্ত্র অধিদপ্তরের অধীনে ছয়টি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের প্রত্যেকটিতে ১২০ জন করে ছাত্রছাত্রী ভর্তি করা হচ্ছে এবং শেষ সেমিস্টারে মোট ৪৩০ জন শিক্ষার্থী অধ্যয়নরত রয়েছে। ছয়টি টেক্সটাইল ইনস্টিটিউটসমূহের প্রতিটিতে ১০০ জন করে ছাত্রছাত্রী ভর্তি করা হচ্ছে এবং শেষ সেমিস্টারে মোট ৩৭১ জন শিক্ষার্থী অধ্যয়নরত রয়েছে। সারা দেশে ৪২ (বিয়াল্লিশ)টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটসমূহের প্রতিটিতে ১২০ জন করে ছাত্রছাত্রী ভর্তি করা হচ্ছে এবং দশম শ্রেণীতে মোট ৪২৬৯ জন শিক্ষার্থী অধ্যয়নরত রয়েছে। | এমআই শাখা বস্ত্র অধিদপ্তর | ফলাফল প্রকাশের ভিত্তিতে<br><br>বার্ষিক প্রতিবেদন বস্ত্র অধিদপ্তর | (SDG Goal-4 Target-4.3) |
| | ২.২ কলেজসমূহে কাঁচামাল সরবরাহ প্রদান | ২.২.১ কাচাঁমাল সরবরাহকৃত<br>২.২.২ ব্যবহৃত কাচাঁমাল | বস্ত্র অধিদপ্তরের আওতাধীন ০৬টি কলেজের ল্যাবে ব্যবহৃত কাচাঁমাল যা দক্ষ জনবল তৈরীতে সহায়তা করবে। প্রতিটি কলেজে ২০১৮-১৯ অর্থবছরে বরাদ্দকৃত অর্থ কর্মসম্পাদন সূচক হিসেবে চিহ্নিত হবে। | বাজেট শাখা বস্ত্র অধিদপ্তর | বার্ষিক প্রতিবেদন বস্ত্র অধিদপ্তর | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৩. | ৩.১ নতুন ০৩(তিন) টি প্রকল্প একনেকে প্রেরণ | ৩.১.১ প্রণীত নারায়ণগঞ্জ টেক্সটাইল ইনস্টিটিউট স্থাপন প্রকল্প। | বস্ত্র অধিদপ্তরের অধীনে বর্ণিত নামে ২০১৮-১৯ অর্থবছরে প্রকল্পের মাধ্যমে নারায়ণগঞ্জ জেলায় একটি টেক্সটাইল ইনস্টিটিউট স্থাপন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। প্রকল্প সমাপনান্তে একটি নতুন টেক্সটাইল ইনস্টিটিউট স্থাপন সম্পন্ন হবে এবং প্রতিষ্ঠানটি কর্তৃক টেক্সটাইল ডিপ্লোমা ইঞ্জিনিয়ার সরবরাহ অব্যাহত থাকবে। | পরিকল্পনা শাখা বস্ত্র অধিদপ্তর | একনেক কর্তৃক অনুমোদনের তারিখ<br><br>বার্ষিক প্রতিবেদন বস্ত্র অধিদপ্তর | |
| | | ৩.১.২ প্রণীত মাহবুবুল হক শাকিল টেক্সটাইল ইনস্টিটিউট স্থাপন প্রকল্প। | বস্ত্র অধিদপ্তরের অধীনে বর্ণিত নামে ২০১৮-১৯ অর্থবছরে প্রকল্পের মাধ্যমে ময়মনসিংহ জেলায় একটি টেক্সটাইল ইনস্টিটিউট স্থাপন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। প্রকল্প সমাপনান্তে একটি নতুন টেক্সটাইল ইনস্টিটিউট স্থাপন সম্পন্ন হবে এবং প্রতিষ্ঠানটি কর্তৃক টেক্সটাইল ডিপ্লোমা ইঞ্জিনিয়ার সরবরাহ অব্যাহত থাকবে। | পরিকল্পনা শাখা বস্ত্র অধিদপ্তর | একনেক কর্তৃক অনুমোদনের তারিখ<br><br>বার্ষিক প্রতিবেদন বস্ত্র অধিদপ্তর | |
| | | ৩.১.৩ প্রণীত কুষ্টিয়া টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন প্রকল্প। | বস্ত্র অধিদপ্তরের অধীনে বর্ণিত নামে ২০১৮-১৯ অর্থবছরে প্রকল্পের মাধ্যমে কুষ্টিয়া জেলায় একটি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, স্থাপন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। প্রকল্প সমাপনান্তে একটি নতুন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন সম্পন্ন হবে এবং প্রতিষ্ঠানটি কর্তৃক বিএসসি টেক্সটাইল ইঞ্জিনিয়ার সরবরাহ অব্যাহত থাকবে। | পরিকল্পনা শাখা বস্ত্র অধিদপ্তর | একনেক কর্তৃক অনুমোদনের তারিখ<br><br>বার্ষিক প্রতিবেদন বস্ত্র অধিদপ্তর | |
| ৪. | ৪.১ সভার আয়োজন | ৪.১.১ আয়োজিত সভা | বস্ত্র অধিদপ্তরের স্টেকহোল্ডারসমূহ বিজিএমইএ, বিকেএমইএ, বিটিএমএ, বিএসটিএমপিআইএ, বিটিটিএলএমইএ, বিজিএপিএমইএ, বিএসটিএমইএ, বিএলএমইএ, বিটিডিপিআইএ, বিকেডিওএ, বিএইচএ, বিইজিডব্লিউআইওএ, বিটিএমওএ। | পোষক শাখাসমূহ বস্ত্র অধিদপ্তর | আয়োজিত সভার সংখ্যা<br><br>বার্ষিক প্রতিবেদন বস্ত্র অধিদপ্তর | |

**সংযোজনী ৩ :** কর্মসম্পাদনের লক্ষ্যে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| শিক্ষা মন্ত্রণালয় (বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড/ বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়/ ঢাকা বিশ্ববিদ্যালয়) | ২.১ কারিগরি শিক্ষা প্রদান (বস্ত্র প্রকৌশল/ প্রযুক্তি) | ২.১.১ উত্তীর্ণ শিক্ষার্থী | ছাত্র/ছাত্রীদের পরীক্ষা গ্রহণ ও ফল প্রকাশ | বস্ত্র অধিদপ্তর নিয়ন্ত্রিত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমুহ, টেক্সটাইল ইনস্টিটিউটসমুহ এবং টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটসমুহে যথাসময়ে পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশ করার জন্য দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান | যথাসময়ে ফলাফল প্রকাশে বিলম্ব হতে পারে |
| পরিকল্পনা মন্ত্রণালয় | ৩.১ নতুন ০৩(তিন) টি প্রকল্প একনেকে প্রেরণ | ৩.১.১ প্রণীত নারায়ণগঞ্জ টেক্সটাইল ইনস্টিটিউট স্থাপন প্রকল্প | প্রকল্প অনুমোদনে সহযোগিতা প্রদান | প্রকল্প অনুমোদন করার দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান | প্রকল্পের ডিপিপি অনুমোদন হবে না |
| | | ৩.১.২ প্রণীত মাহবুবুল হক শাকিল টেক্সটাইল ইনস্টিটিউট স্থাপন প্রকল্প | ঐ | ঐ | ঐ |
| | | ৩.১.৩ প্রণীত কুষ্টিয়া টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন প্রকল্প | ঐ | ঐ | ঐ |